গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৪৬ তারিখঃ ১৮/০৫/২০২৪ খ্রি:

## অফিস আদেশ

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ১১৮ এর উপবিধি ৩ এবং বিধি ৬৮গ এর উপবিধি ৫ অনুযায়ী, কারিগরী প্রস্তাব মূল্যায়ন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত ক্রয়কারী কার্যালয় প্রধানের নিকট আর্থিক প্রস্তাবসমূহ নিরাপদ হেফাজতে বন্ধ অবস্থায় সংরক্ষণ করার বিধান রয়েছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ১১৮ এর উপবিধি ৩ অনুযায়ী বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে (একক উৎস ভিত্তিক নির্বাচন পদ্ধতি ব্যতীত) এবং বিধি ৬৮গ এর উপবিধি ৫ অনুযায়ী কার্য ও পণ্য ক্রয়ের ক্ষেত্রে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতিতে গৃহীত সকল আর্থিক প্রস্তাবসমূহ কারিগরি প্রস্তাব উন্মুক্তকরণের পর কারিগরী প্রস্তাব মূল্যায়ন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত নিরাপদ হেফাজতে বন্ধ অবস্থায় সংরক্ষণ করার লক্ষ্যে আবশ্যিকভাবে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

১৮/০৫/২৪
(মোঃ আলি আখতার হোসেন)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৪৬/১(৭) তারিখঃ ১৮/০৫/২০২৪ খ্রি:

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, ..........................., বিভাগ, জেলাঃ.......................... ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ....................................,অঞ্চল, জেলাঃ ......................................।
৩। প্রকল্প পরিচালক, ........................................................... প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ..........................................।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ....................................,উপজেলা, জেলাঃ ......................................।
৬। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ..........................।
৭। উপজেলা সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ ...................................।

১৮/০৫/২০২৪
(মোঃ গোলাম ইয়াজদানী)
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd